১) মণিপুরের হস্তশিল্প ,উদ্যান শস্য ও সৌরশক্তির ক্ষেত্রে গ্রহণ করা পদক্ষেপের জন্য বেশ কয়েকজন ব্যাক্তিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা ।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের আজ রাতে আসাম আগমন । আগামীকাল বটদ্রবা প্রকল্প ও গৌহাটী পুলিশ
কমিশনারের কার্যালয় উদ্বোধন ।

৩) রাজ্যে গতকাল প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ী ১০ লক্ষ ৫৫ হাজার ১৪০ জন ভোটার নতুনকরে তালিকাভুক্ত , তালিকা থেকে বাদ পড়েছেন ১০ লক্ষ ৫৬ হাজার ২৯১ জন ভোটার ।

এবং

৪) চা বাগান শ্রমিকদের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষে রাজ্য পর্যায়ে স্বাস্থ্যবান শ্রমিক যোজনার সূচণা

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন কী বাতের ১২৯ তম পর্বে মণিপুরের হস্তশিল্প , উদ্যান শস্য ও সৌরশক্তির ক্ষেত্রে গ্রহণ করা পদক্ষেপের জন্য বেশ কয়েকজন ব্যাক্তির প্রশংসা করেন । শ্রীমোদী মণিপুরের উদ্যোগী মৈরাংথেম শেঠের বিষয়ে বিশেষভাবে উল্লেখ করেন । রাজ্যের একটি প্রত্যন্ত এলাকার গ্রামের লোকেদের প্রচেষ্টায় অঞ্চলটিতে সৌরশক্তি উৎপাদনের ক্ষেত্রে গ্রহণ করা পদক্ষেপের প্রধানমন্ত্রী প্রশংসা করেন । তার এই প্রচেষ্টার ফলে অঞ্চলটিতে

বেশ কিছু পরিবার সৌরশক্তি উৎপাদন তথা ব্যবহার করা সহ বহু স্বাস্থ্য সেবা কেন্দ্র ও সৌরশক্তি ব্যবহারের উপযোগী হয়ে উঠেছে বলে প্রধানমন্ত্রী জানান ।

এছাড়া রাজ্যের সেনাপতি জেলার সোখনে কৃশ্বেনার পরিবার পরম্পরাগতভাবে করে আসা ফুল চাষ ও চূড়াচান্দপুর জেলার মার্গারেট রামথারজিয়ামে বাঁশ ও কাঠ দিয়ে প্রস্তুত করা হস্তশিল্প সামগ্রীর দেশের বিভিন্ন বাজার দখল করার বিষয়ে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

ভারত চলতি বছরে জাতীয় সুরক্ষা থেকে ক্রীড়া ক্ষেত্র , বিজ্ঞান পরীক্ষাগার থেকে বৃহৎ মঞ্চ পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে আর্ন্তজাতিক পর্যায়ে শক্তিশালী স্থিতিতে উপনীত হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রকাশ করেছেন । ২০২৫ সালের বিষয়ে আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে এই বছর গৌরব অনুভব করার মতো বহু স্মৃতি রেখে যাচ্ছে । অপারেশন সিন্দুর প্রতিজন ভারতবাসীর জন্য একটি উল্লেখযোগ্য মূহূর্ত্ত বলে প্রধানমন্ত্রী মত পোষন করেন ।বন্দে মাতরমের ১৫০ বছর উদযাপনে দেশবাসীর আনন্দ ও উদ্যমের প্রধানমন্ত্রী প্রশংসা করেন ।ক্রীড়া ক্ষেত্রে এবছরটি উল্লেখযোগ্য ছিল বলে প্রধানমন্ত্রী বলেন । ভারতীয় পুরুষ ক্রিকেট দলের আই সি সি চেম্পিয়ানস ট্রফি দখল ও মহিলা ক্রিকেট দলের প্রথমবারের মতো বিশ্বকাপ দখল দেশবাসীকে গৌরবান্বিত করেছে । মহিলাদের দৃষ্টিহীন টি - ২০ বিশ্বকাপে ভারতীয় দল খেতাব দখলের যে ইতিহাস তৈরী করেছে সেজন্য প্রধানমন্ত্রী প্রত্যেক ক্রীড়াবিদের প্রশংসা করেছেন । বিশ্ব চ্যাম্পিয়ানের বিভিন্ন বিভাগে পদক লাভ করা প্যারা এথলিটদের ও তিনি অভিনন্দন জানান ।

বিজ্ঞান ও মহাকাশ গবেষনার ক্ষেত্রে ও ভারত উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে বলে প্রধানমন্ত্রী বলেন ।

প্রধানমন্ত্রী বলেন একটি শক্তিশালী যুব শক্তির জন্য বিশ্বে ভারত উল্লেখযোগ্য স্থান দখল করতে সক্ষম হয়েছে । বিজ্ঞান , উদ্ভাবন ও প্রযুক্তির বিকাশের ক্ষেত্রে ভারতের লাভ করা সাফল্যের জন্য এটি সম্ভব হয়েছে বলে তিনি বলেন ।

বাইট -------

যুব সম্প্রদায়ের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন যে আগামী ১২ ই জানুয়ারী জাতীয় যুব দিবসের দিন ইয়ং লিডারস ডায়লগ অনুষ্ঠিত হবে । প্রধানমন্ত্রী অনুষ্ঠানটিতে যুব সমাজের বর্ধিত
অংশ গ্রহণের প্রশংসা করেন ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ রাতে দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন । তার এই সফরকালে কেন্দ্রীয় মন্ত্রী বেশ কয়েকটি কার্যসূচীতে অংশ গ্রহণ করবেন ।তিনি আগামীকাল নগাও জেলার বটদ্রবায় আসাম সরকারের নতুন করে নির্মাণ করা ঐতিহাসিক বটদ্রবা প্রকল্পের উদ্বোধন করবেন । মহাপুরুষ শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবাকে কলা , সংস্কৃতি ও আধ্যাত্মিকতার অন্যতম প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলা সহ পর্যটকের আকর্ষনের কেন্দ্র করে তুলতে এই প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ বটদ্রবা প্রকল্পস্থল পরিদর্শন

করেন ।স্বরাষ্ট্র মন্ত্রী আগামীকাল গৌহাটীতে নতুন পুলিশ কমিশনারের কার্যালয় ও দুহাজারের ও বেশী  সি সি টিভি সমৃদ্ধ  সংহত কমান্ড ও নিয়ন্ত্রন  কেন্দ্রের উদ্বোধন করবেন ।এই কেন্দ্র রাজ্যে সুরক্ষা ও জরুরীকালীন সেবা ব্যবস্থাকে শক্তিশালী করে তুলবে বলে আশা করা হচ্ছে ।এছাড়া খানাপারায় নবনির্মিত জ্যোতিবিষ্ণু প্রেক্ষগৃহের উদ্বোধন করবেন ।৫ হাজার আসনযুক্ত এই প্রেক্ষাগৃহ উত্তরপূর্বাঞ্চলের অন্যতম বৃহৎ প্রেক্ষাগৃহ হিসেবে পরিগণিত হবে ।

---

রাজ্য সরকার রাজস্ব ঘাটতি হ্রাস করার উদ্দেশ্যে অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীর তালিকা থৈকে সরকারী বেতনভোগী কর্মচারীর নাম কর্তন করার নির্দেশ দিয়েছে । রাজ্যের অর্থবিভাগের জারি করা এক নির্দেশনায় আগামী ৩১ শে ডিসেম্বরের মধ্যে অরুণোদয় প্রকল্পের অধীনে প্রতি মাসে অর্থ সাহায্য লাভ করা সবধরণের সরকারী নিয়মিত কর্মচারী , পেন্সনার , ঠিকাভিত্তিক কর্মচারী সহ অঙ্গনওয়ারী কর্মী , মধ্যাহ্ন ভোজন কর্মী , আশা কর্মী , আশা পর্যবেক্ষক এবং গাঁওবুড়াদের নাম কর্তন করার নির্দেশ দিয়েছে । এছাড়া কলেজ , জুনিয়র কলেজ , উচ্চপ্রাথমিক , নিম্নপ্রাথমিক স্কুল , উচ্চতর মাধ্যমিক , মাধ্যমিক বিদ্যালয় , বিশ্ববিদ্যালয়ের ঠিকাভিত্তিক তথা অস্থায়ি কর্মচারীর নাম অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীর তালিকা থেকে বাদ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে ।অর্থ বিভাগের জারি করা নির্দেশনায় এধরণের সরকারী বেতনভোগী কর্মচারী এবং তাদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের নামও ৩১ শে ডিসেম্বরের মধ্যে বাধ্যতামূলকভাবে অরুণোদয় প্রকল্পের তালিকা থেকে কর্তন করতে হবে ।অন্যথা সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় অনিশাসনমূলক ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও হিতাধিকারী হিসেবে লাভ করা অর্থ ফিরিয়ে নেওয়া হবে বলে

সতর্ক করে দেওয়া হয়েছে । অর্থ বিভাগের সচিব নরসিং পাওয়ার প্রতিটি বিভাগকে নির্দেশ জারি করে নিজ নিজ বিভাগের কর্মচারীদেরকে এই বিষয়টি সম্পর্কে অবগত করাতে বলা হয়েছে ।

---

রাজ্যে গতকাল প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ি ১০ লক্ষ ৫৫ হাজার ১৪০ জন ভোটারের নাম নতুনকরে তালিকাভুক্ত করা হয়েছে । অন্যদিকে ১০ লক্ষ ৫৬ হাজার ২৯১ জন ভোটারের নাম তালিকা থেকে কর্তন করা হয়েছে ।নির্বাচন কমিশনের প্রকাশিত তথ্য অনুযায়ি এই সংশোধনী প্রক্রিয়ার মাধ্যমে রাজ্যের সর্বমোট ২ কোটি ৫২ লক্ষ ২ হাজার ৭৭৫ জন ভোটার এবং ডি-ভোটার ৫৩ হাজার ২১ জন । খসড়া তালিকা অনুযায়ি ইতিমধ্যে মৃত্যু হওয়া ৪ লক্ষ ৭৮ হাজার ৯৯২ জন ভোটদাতার নাম তালিকা থৈকে কর্তন করা হয়েছে । বাসস্থান পরিবর্তন করা ৫ লক্ষ ২৩ হাজার ৬৬০ জন ভোটদাতাকে সনাক্ত করা সহ কয়েকটি স্থানে নাম থাকা ৫৩ হাজার ৬১৯ জন ভোটদাতাকে সনাক্ত করা হয়েছে ।
এই তালিকা সম্পর্কে জনসাধারণ আগামী ২২ শে জানুয়ারী পর্যন্ত দাবী আপত্তি দাখিল করতে পারবেন ।দাবী আপত্তি নিষ্পত্তির জন্য ৩ , ৪ , ১০ ও ১১ জানুয়ারী বিশেষ শিবির অনুষ্ঠিত হবে । দোসরা ফেব্রুয়ারীর মধ্যে দাবী আপত্তি নিষ্পত্তি করএ ১০ ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

---

চাবাগান শ্রমিকদের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে এবং তাদেরকে গুণগত ও মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদান করতে গতকাল ডিব্রুগড় জেলার জুটুলীবারী চা বাগানে রাজ্য পর্যায়ে স্বাস্থ্যবান শ্রমিক যোজনার সূচনা করা হয়েছে । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহল এই যোজনার সূচনা করেন ।রাজ্যের ২০ টি চাবাগানে গতকাল থেকে পাইলট প্রকল্প হিসেবে তা কার্যকর করা হয়েছে। উল্লেখ্য চা শ্রমিকদের স্বাস্থ্য সম্পর্কে করা জরীপে তাদের মধ্যে রক্তাল্পতা , পুষ্টিহীনতা , উচ্চরক্তচাপ , যক্ষা সহ বিভিন্ন রোগের সংক্রমণ থাকাএর তথ্য পাওয়া গেছে ।এছাড়া কম বয়স থেকে মাদক সেবনের ফলে অনেকের মধ্যে জীবনের মান নিম্নগামী হচ্ছে বলেও প্রকাশ করা হয়েছে ।এই প্রকল্পের অধীনে জন্ম থেকে ১৮ বছর পর্যন্ত ছেলে মেয়েদের সুস্বাস্থ্যের জন্য জাতীয় শিশু স্বাস্থ্য কার্যসূচীর অধীনে স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করা হবে । এছাড়া মাদক দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণ করার জন্য সচেতনতা সৃষ্টি করার প্রয়াস করা হবে ।এরজন্য চা বাগানের একাংশ মহিলাকে স্বাস্থ্য ও সুস্থতার এম্বেসেডর হিসেবে নিযুক্তি প্রদান করা হবে । উন্নয়নখন্ড পর্যায়ে ঐ মহিলাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হবে ।

---

আসাম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় আগামীকাল থেকে হাইলাকান্দির নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ ক্রিকেট প্রতিযোগীতার অষ্টম সংস্করন শুরু হচ্ছে । আগামীকালে উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ান ব্লাড মাউথ ক্লাব মূখোমূখি হবে আলগাপুরের জি এল

এস দলের বিরুদ্ধে । প্রতিযোগীতায় মোট দশটি দল অংশগ্রহন করছে । আগামী ১৭ই জানুয়ারী প্রতিযোগীতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল চলতি বছরে আসাম ও পশ্চিমবঙ্গের স্টেশনগুলিতে বেশ কিছু গুরুত্বপূর্ন ট্রেনের জন্য অতিরিক্ত স্টপেজের ব্যবস্থা করেছে । সীমান্ত রেলের পক্ষ থেকে ২৩টি গুরুত্বপূর্ন যাত্রীবাহী ট্রেনের জন্য ৩২টি অতিরিক্ত স্টপেজ প্রদান করা হয়েছে যা রেলের যোগাযোগ ব্যবস্থাকে আরো উন্নত করেছে ।

========================================